

## সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৩৫

২৩/ আহার ও খাদ্যদ্রব্য (كتاب الأطعمة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৩২. গোশত দাঁত দিয়ে ভাল করে চিবিয়ে খাওয়া

باب مَا جَاءَ أَنَّهُ قَالَ " انْهَسُوا اللَّحْمَ نَهْسًا "

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ عَبْدِ الْكَرِيمِ أَبِي أُمِيَّةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ، قَالَ زَوَّجَنِي أَبِي فَدَعَا أَنَسًا فِيهِمْ صَفْوَانَ بْنَ أُمِيَّةَ فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " انْهَسُوا اللَّحْمَ نَهْسًا فَإِنَّهُ أَهْنَأُ وَأَمْرَأُ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ حَسَنٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ عَبْدِ الْكَرِيمِ . وَقَدْ تَكَلَّمَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ فِي عَبْدِ الْكَرِيمِ الْمُعَلِّمِ مِنْهُمْ أَيُّوبُ السَّخْتِيَانِيُّ مِنْ قَبْلِ حِفْظِهِ .

বাংলা

১৮৩৫। আবদুল্লাহ ইবনুল হারিস (রহঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেছেন, আমার পিতা (হারিস) আমাকে বিয়ে করিয়ে দেন। এ উপলক্ষে তিনি কিছু লোককে দাওয়াত করেন। তাদের মধ্যে সাফওয়ান ইবনু উমাইয়া (রাঃ)-ও ছিলেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মাংস দাত দিয়ে ছিড়ে ছিড়ে বা কেটে কেটে খাও। কেননা তা খুবই সুস্বাদু ও তৃপ্তিদায়ক।

যঈফ, যঈফা (২১৯৩)

আবু ঈসা বলেন, এ অনুচ্ছেদে আইশা ও আবু হুরাইরা (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। উল্লেখিত হাদীসটি আমরা শুধুমাত্র আবদুল কারীমের সূত্রেই জেনেছি। একদল বিশেষজ্ঞ আলিম আবদুল কারিমের স্মরণশক্তির সমালোচনা করেছেন। আইউব সাখতিয়ানী তাদের অন্যতম।

## English

Narrated 'Abdullah bin Al-Harith:

"My father had me married so he invited people, and Safwan bin Umayyah was among them. So he said: 'Indeed the Messenger of Allah (ﷺ) said: 'Bite the meat (with your teeth) for indeed it is more enjoyable and more wholesome.

He said: There are narration on this topic from 'Aishah and Abu Hurairah.

[Abu 'Eisa said:] We do not know of this Hadith except through the narration of 'Abdul-Karim. Some of the people of knowledge have criticized 'Abdul-Karim Al-Mu'allim because of his memory, Ayyub As-Sakhtiyani was among them.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু হারিস (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=42544>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন